## বাংলাা

**০১. ‘বড় দাদা > বড়দা’ শব্দের এই পরিবর্তনকে কী বলে?**

(ক) অন্তহঁতি (খ) অভিশ্রুতি (গ) স্বরসঙ্গতি (ঘ) ব্যঞ্জনচ্যুতি উত্তর:ঘ

ব্যাখ্যা: পাশাপাশি সমউচ্চারণের দুটি ব্যঞ্জনধ্বনি থাকলে তার একটি লোপ পেলে তাকে ধ্বনিচ্যুতি বা ব্যঞ্জনচ্যুতি বলে। যেমন, বউদিদি > বউদি, ছোটকাকা > ছোটকা

**০২. বাংলা ‘ব্যঞ্জনবর্ণ’ মামলায় ‘ম’ অক্ষরটির পূর্বের পঞ্চম অক্ষরটি কী?**

(ক) ধ (খ) ন (গ) প (ঘ) ল উত্তর:খ

ব্যাখ্যা: ক, খ, গ, ঘ, ঙ, চ, ছ, জ, ঝ, ঞ, ট, ঠ, ড, ঢ, ণ, ত, থ, দ, ধ, ন, প, ফ, ব, ভ, ম। সুতরাং: “ম” অক্ষরটির পূর্বের পহ্চম অক্ষরটি হলো “ন”।

**০৩. কোন বর্গের ধ্বনির আগে ন (ণ) হয়?**

(ক) ক বর্গীয় (খ) চ বর্গীয় (গ) ট বর্গীয় (ঘ) ত বগীয় উত্তর:গ

ব্যাখ্যা: ণ-ত্ব বিধানের নিয়ম অনুযায়ী ট বর্গীয় ধ্বনির আগে তৎসম শব্দে (ন) এর স্থলে সব সময় ‘ণ’ হয়। যেমন, ঘণ্টা, লণ্ঠন, কান্ড।

**০৪. “করপল্লব” কোন সমাস?**

(ক) উপমান কর্মধারয় (খ) উপমিত কর্মধারয় (গ) বহুব্রীহি (ঘ) তৎপুরুষ উত্তর:খ

ব্যাখ্যা: সাধারণ গুণের উল্লেখ না করে উপমেয় পদের সাথে উপমানের যে সমাস হয়, তাকে উপমিত কর্মধারয় সমাস বলে। এই সমাসে পূর্বপদ ও পরপদ দুটি বিশেষ্য হয়। যেমন, পুরুষ সিংহ।

**০৫. কৃৎ প্রত্যয়যোগে গঠিত শব্দ কোনটি?**

(ক) বাগ্মী (খ) মহিমা (গ) রচনা (ঘ) মেছো উত্তর:গ

ব্যাখ্যা: কৃৎ প্রত্যয়ের শর্ত ২টি।

(১) ধ্বনি বা ধ্বনি সমষ্টি ধাতুর সঙ্গে যুক্ত হতে হবে।

(২) যুক্ত হয়ে বিশেষ্য পদ অথবা বিশেষণ পদ তৈরি করবে।

কৃৎপ্রত্যয় সাধিত পদটিকে কৃদন্ত পদ বলে। যেমন, চলন্ত = √চল্‌ + অন্ত। এখানে “চলন্ত” হচ্ছে কৃদন্ত পদ।

**০৬. নিচের কোনটি অনুসর্গ?**

(ক) পাছে (খ) মায়াকান্না (গ) হাসাহাসি (ঘ) ডাঁই উত্তর:ক

ব্যাখ্যা: বাংলা ভাষায় যে অব্যয় শব্দগুলো কখনো স্বাধীন পদ রূপে আবার কখনো শব্দ বিভক্তির ন্যায় বাক্যে ব্যবহৃত হয়ে বাক্যের অর্থ প্রকানে সাহায্য করে তাকে অনুসর্গ বলে। উপসর্গ যেমন ধাতুর আগে বসে। অনুসর্গ তেমন পদের পরে বসে।

**০৭. বাক্যের ক্রিয়ার সাথে অন্যান্য পদের যে সম্পর্ক তাকে কি বলে?**

(ক) বিভক্তি (খ) কারক (গ) প্রত্যয় (ঘ) অনুসর্গ উত্তর:খ

ব্যাখা: ক্রিয়ার সাথে অন্যান্য পদের যে সম্পর্ক তাকে কারক বলে। অন্যদিকে ক্রিয়াপদের সঙ্গে সম্পর্ক না রেখে যে নামপদ বাক্যের অন্য পদের সাথে সম্পর্কযুক্ত হয় তাকে সম্বন্ধ পদ বলে।

যেমন: দিব্য এর ভাই কাব্য কাজটি করেছে।

**০৮. বঙ্কিমচন্দ্রের মতে, সাহিত্য রচনার উদ্দেশ্য কোনটি?**

(ক) মানবকল্যান (খ) লোকরঞ্জন (গ) যশলাভ (ঘ) অর্থলাভ উত্তর:ক

ব্যাখ্যা: লেখকের মতে জশের জন্য লিখিবেন না তাহা হইলে যশও হইবে না, লেকাও ভালো হইবে না। লেখা ভালো হইলে যশ আপনি আসিবে।

**০৯. “আমার পথ” প্রবন্ধে পথপ্রদর্শক কে?**

(ক) ধর্ম (খ) সত্য (গ) দেশ (ঘ) নেতা উত্তর:খ

ব্যাখ্যা: কবির ভাষায়: আমার কর্ণধার আমি। আমার পথ দেখাবে আমার সত্য। কবি যাত্রা শুরুর আগেই সালাম জানাচ্ছেন- নমস্কার করছেন তার সত্যকে।

**১০. "তার পিটে রক্তজবার মতো ক্ষত ছিল"– কার কবিতার পংক্তি?**

(ক) আবুজাফর ওবায়দুল্লাহ (খ) আবু জাফর শামসুদ্দীন (গ) আবু ইসহাক (ঘ) শামসুদ্‌দীন আবুল কালাম

উত্তর:ক

ব্যাখ্যা: এই উক্তির মাধ্যমে মানুষের উপর অত্যাচারের ইতিহাস তুলে ধরা হয়েছে শত্রুরা ভীরু কাপুরুষের মতো ক্রীতদাসের ওপর পেছন থেকে ঝাঁপিয়ে পড়েছে।

**১১. এক-মুষ্টি ভিক্ষা দেওয়াকেও আমরা মানব-কল্যাণ মনে করি কেন?**

(ক) উপলব্ধিহীনতার কারণে (খ) মানসিক বিকারগ্রস্থতার কারণে

(গ) যথার্থ উপলব্ধির কারণে (ঘ) মানবহিতৈষী মনোভাবের কারণে উত্তর:ক

ব্যাখ্যা: মানবকল্যাণ বলে বিবেচিত হবে না:

- করুনাবশত দান-খয়রাত
- মানুষের মনুষ্যত্বকে বাদ দিয়ে স্রেফ তার জৈব অস্তিত্বের প্রতি সহানুভূতিশীল
- স্বয়ম্ভূ, বিচ্ছিন্ন, সম্পর্ক রহিত ইত্যাদ।

**১২. নবাব সিরাজউদ্দৌলা কাকে আরালিনগরের দেওয়ান নিযুক্ত করেন?**

(ক) উর্মিচাদ (খ) মানিক চাঁদ (গ) রাজবল্লভ (ঘ) রায়দুর্লভ উত্তর:খ

ব্যাখা: রাজা মানিকচাঁদ ছিলেন নবাবের অন্যতম সেনাপতি, তিনি বাঙালি বায়স্থ, ঘোষ বংশে তার জন্ম। নবাবের গোমস্তা হিসেবে তার কর্মজীবন শুরু।

**১৩. এখন সে ঝড়ের মুখে উড়ে চলা পাতা নয়। লালসালু উপন্যাসের এ বাক্যে মজিদের প্রকাশ পেয়েছে?**

(ক) ধর্মীয় ও আর্থিক প্রভাব (খ) আর্থিক ও শারীরিক সক্ষমতা

(গ) আর্থিক ও সামাজিক প্রতিষ্ঠান (ঘ) ধর্মীয় ও সামাজিক প্রতিপত্তি উত্তর:গ

ব্যাখ্যা: অস্তিত্ব-সংকট কাটিয়ে মজিদ এখন অর্থ, সম্পদ আর প্রতিপত্তির দ্বারা আত্মপ্রতিষ্ঠিত। যা তার ভিতকে শক্তিশালী করেছে। এভাবে সে ঝড়ের মুখে উড়ে চলা পাতা থেকে একসময় শিকড়গাড়া বৃক্ষে পরিণত হয়।

**১৪. কোন শব্দজোড়া বিপরীতার্থক নয়**

(ক) অনুলোম-প্রতিলোম (খ) গরিষ্ঠ-লমিষ্ঠ (গ) নশ্বর-শাশ্বত (গ) হৃষ্ট-পুষ্ট উত্তর:ঘ

ব্যাখ্যা: হৃষ্ট-পুষ্ট দ্বারা বোঝায় বলিষ্ঠ ও প্রফুল্ল অর্থাৎ মানসিক ও শারীরিক স্বাস্থ্যযুক্ত। কিছু গুরুত্বপূর্ণ বিপরীত শব্দ: অধিত্যকা-উপত্যকা, ঐহিক-পারত্রিক, প্রফুল্ল-বিমর্ষ, উপচয়-অবচয়, ক্ষীয়মান-বর্ধমান ইত্যাদি।

**১৫. ঈর্ষৎ পাংশবর্ণ-এর বাক্যসংকোচন?**

(ক) পীত (খ) ধূসর (গ) আরক্ত (ঘ) আঁষটে উত্তর:খ

ব্যাখ্যা: ঈষৎ পাংশুবর্ণ = দূসর, ঈষৎ রক্তবর্ণ = আরক্ত ঈষৎ লাল হয়েছে এমন = আরক্তিম। ঈষৎ আমিষ গন্ধ যার = আঁষটে, ঈষৎ উষ্ণ = কবোষ্ণ।

## English

**01. I thanked god for ___ my life's ambition.**

A. fulfill B. fulfilled C. fulfilling D. will fulfill Ans. C

Exp: Preposition এরপর verb আসলে তার সাথে ing যুক্ত হয়ে Gerund করতে হয়। তাই সঠিক উত্তর C.

**02. Brojen Das felt ___ after the rest at Cap Griz Nez hotel.**

A. anxious B. on top of the world C. sea sick D. frustrated Ans. B

Exp: Textbook এর "Youthful Achievers'- Unit এর Brojen Das এর Passage থেকে নেয়া।

**03. I will wait a while. Here the word 'while' is a/an-**

A. noun B. verb C. advenb D. conjunction Ans. A

Exp: while দ্বারা যখন একটি নির্দিষ্ট সময়ের পরিমাণ বোঝায় তখন তা noun. এছাড়া article এরপর একটি word থাকলে তা noun.

**04. Dreams are ____ elusive.**

A. always B. sometimes C. no time D. never. Ans. B

Exp: Textbook এর 'Dream' unit থেকে নেয়া।

**05. The word "Gaudy' means-**

A. Tasteful B. cheap and showy C. Expensive D. None Ans. B

Exp: Goudy -extravagantly bright on showy, typically 50 as to be tasteless.

**06. Choose the correct passive sentence:**

A. The meeting is to be reschedule. B. The meeting is to be rescheduled.

C. The meeting is to recheduled. D. The meeting to be rescheduled Ans. B

Exp: a) Passive voice- এ verb এর Past Participle বসে, তাই A ভুল।

b) এটি সঠিক।

c) to be-verb নেই, তাই ভুল।

d) is নেই, তাই ভুল।

**07. Take one to task' means.**

A. resume B. imitate C. restraint D. rebuke Ans. D

Exp: 'Take one to task' একটি phrase যার অর্থ হলো তিরস্কার করা, অবজ্ঞা করা। rebuke অর্থও তিরস্কার করা। resume আবার শুরু করা, imitate অর্থ অনুকরণ করা এবং restraint অর্থ সংযম।

**08. Two-thirds of the work _____ finished.**

A. have been B. have C. will have D. was Ans. D

Exp: Fraction বা ভগ্নাংশের পরে subject singular হলে verb ও singular হয়। এখানে অপশন a, b ও c plural form এ আছে। তাই সঠিক উত্তর D অর্থাৎ was যা singular verb.

**09. I'm thinking of ____ a house.**

A. to buy B. buy C. buying D. to buying Ans. C

Exp: কতিপয় verb phrases এর পরবর্তী verb এর সাথে ing যুক্ত হয়। যথাঃ approve of, be used to, become used to, get used to, do not mind, look forward to, can't help, insist on with a view to, would you mind.

**10. He is fond of <u>playing</u> cricket.**

A. noun clause B. gerund C. participle D. verb phrase Ans. B

Exp: verb এর সাথে ing যুক্ত হয়ে noun এর কাজ করলে তা gerund। gerund বসে verb এর subject, verb এর object, preposition এর object হিসেবে। এখানে playing - preposition of এর object। তাই সঠিক উত্তর B.

**11. I am very jealous ____ him.**

A. to B. of C. about D. in Ans. of

Exp: jealous of হিংসা করা (appropriate preposition)

**12. Make it indirect - He said, "I can chop some wood today."**

A. He said that he could chop some wood today. B. He said that he could chop some wood that day.

C. He said he can crop some wood that day. D. None of the above Ans. B

Exp: 1) Invented comma উঠে গিয়ে that বসবে।

2) প্রশ্নে বাক্যটি Present indefinite হওয়ায় indirect speech-past হবে, অর্থাৎ can এর স্থলে could বসবে।

3) today থাকলে indirect এ that day হয়। তাই সঠিক উত্তর B.

**13. 'Gazing Grain' is an example of-**

A. Alliteration B. Metaphor C. Oxymorn D. Irony Ans. A

Exp: Alliteration-repetition of same consonant sound.

Metaphors - as অথবা like ব্যবহার না করে দুটি অসম জিনিসের তুলনা।

Oxymoron - দুটি বিপরীত শব্দের পাশাপাশি অবস্থান।

Irony- বিদ্রুপ, যা বলা হয় তার বিপরীত বোঝানো হয়।

**14. One of the historical____ of Sonargaon is the ancient city of Panam.**

A. landmark B. landmarks C. landmarking D. landmarked Ans. B

Exp: One of the এরপর subject plural হয় ও verb singular হয়। তাই সঠিক উত্তর B.

**15. I asked him ____**

A. what his name is B. what is his name C. what was his name D. what his name was Ans. D

Exp; Embedded Question এ wh word- এর পরের অংশে হয় subject + verb + ext.

## GK

**০১. বাংলাদেশের প্রথম ভূ-উপগ্রহ কেন্দ্র কোনটি?**

(ক) মহাখালী (খ) সিলেট (গ) তালিবাবাদ (ঘ) বেতবুনিয়া উত্তর:ঘ

ব্যাখ্যা: প্রথম ভূ-উপগ্রহ কেন্দ্র বেতুবুনিয়া এবং শেষ ভূ-উপগ্রহ কেন্দ্র হলো সিলেট।

**০২. ঢাকা বিশ্ববিদ্যালয়ের স্লোগান কোনটি?**

(ক) শিক্ষাই আলো (খ) জ্ঞানই শক্তি (গ) শিক্ষাই মুক্তি (ঘ) জ্ঞানের আলো উত্তর:ক

ব্যাখ্যা: ঢাকা বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠিত হয় ১৯২১ সালের ১লা জুলাই। এটি প্রতিষ্ঠায় ভূমিকা রাখেন লর্ড হার্ডিঞ্জ।

**০৩. বাংলাদেশে মোট ক্ষুদ্র নৃগোষ্টি কতটি?**

(ক) ৪০ (খ) ৫০ (গ) ৬০ (ঘ) ৬২ উত্তর:খ

ব্যাখ্যা: ৫০টি ক্ষুদ্র নৃগোষ্ঠীর মধ্যে সবচেয়ে বড় নৃগোষ্ঠী হলো চাকমা। মাতৃতান্ত্রিক নৃগোষ্ঠী হলো– গারো, খাসিয়া।

**০৪. বাংলাদেশের প্রথম ও বৃহত্তম সমুদ্রবন্দর প্রতিষ্ঠা হয় কত সালে?**

(ক) ১৮৮০ (খ) ১৮৯০ (গ) ১৮৯৯ (ঘ) ১৮৮৭ উত্তর:ঘ

ব্যাখ্যা: বাংলাদেশের প্রথম ও বৃহত্তম সমুদ্রবন্দর হলো চট্টগ্রাম সমুদ্রবন্দর। এটিকে বাংলাদেশের প্রবেশদ্বার বলা হয়।

**০৫. কাঁদো নদী কাঁদো কার লেখা উপন্যাস?**

(ক) সমরেশ বসু (খ) অদ্বৈত মল্লবর্মণ (গ) সৈয়দ ওয়ালীউল্লাহ (ঘ) হুমায়ুন আজাদ উত্তর:গ

ব্যাখ্যা: 'নদী ও নারী' হুমায়ুন কবির লেখা। তিতাস একটি নদীর নাম, অদ্বৈত্ব মল্লবর্মন এর লেখা।

**০৬. বাংলাদেশের কোন নদীর মোহনায় নিঝুম দ্বীপ অবস্থিত?**

(ক) পদ্মা (খ) মেঘনা (গ) যমুনা (ঘ) কর্ণফুলী উত্তর:খ

ব্যাখ্যা: নিঝুম দ্বীপ বাংলাদেশের হাতিয়া উপজেলার একটি ছোট দ্বীপ, যা চট্টগ্রাম বিভাগের নোয়াখালী জেলার অন্তর্ভূক্ত।

**০৭. নির্মল চর কোথায় অবস্থিত?**

(ক) ফেনী (খ) ভোলা (গ) রাজশাহী (ঘ) হাতিয়া উত্তর:গ

ব্যাখ্যা: 'নির্মল চর' অবস্থিত রাজশাহী জেলার ভারত-বাংলাদেশ সীমান্তে।

**০৮. বাংলাদেশের উপনাম কি?**

(ক) জাহানাবাদ (খ) গোয়ালন্ত (গ) ভাটির দেশ (ঘ) প্রাচ্যের ড্যান্ডি উত্তর:গ

ব্যাখ্যা: বাংলায় সুলতানী আমলের শেষে এবং মুঘল শাসন প্রতিষ্ঠার লগ্নে ভাটির বারো ভূঁইয়া মুঘলদের বিরুদ্ধে প্রতিরোধ গড়ে তাই বাংলাদেশকে ভাটির দেশ বলা হয়।

**০৯. হরিপুর গ্যাসক্ষেত্র কোথায় রয়েছে?**

(ক) হবিগঞ্জ (খ) সিলেট (গ) সুনামগঞ্জ (ঘ) কুমিল্লা উত্তর:খ

ব্যাখ্যা: হরিপুর গ্যাসক্ষেত্র ১৯৫৫ সালে আবিস্কৃত হয় এবং ১৯৫৭ সালে প্রথম গ্যাস উত্তোলন শুরু হয়।

**১০. বাংলাদেশের প্রধান খনিজ সম্পদ কোনটি?**

(ক) কয়লা (খ) গ্রাফাইট (গ) তেল (ঘ) প্রাকৃতি গ্যাস উত্তর:ঘ

ব্যাখ্যা: ১৯৫৫ সালে সর্বপ্রথম সিলেটের হরিপুরে প্রথম গ্যাসক্ষেত্র আবিষ্কৃত হয়।

**১১. বর্তমানে দেশের সবচেয়ে বৃহত্তম ঔষধ কোম্পানি কোনটি?**

(ক) স্কয়ার (খ) বেক্সিমকো (গ) ফার্মাসিস্ট (ঘ) ইনানী উত্তর:ক

ব্যাখ্যা: স্কয়ার হলো দেশের সবচেয়ে বড় ঔষধ কোম্পানি। এটি সর্বপ্রথম ঔষধ রপ্তানি করে ১৯৮৭ সালে।

**১২. জাহাজ শিল্পে বিশ্বে বাংলাদেশের অবস্থান কততম?**

(ক) প্রথম (খ) দ্বিতীয় (গ) তৃতীয় (ঘ) চতুর্থ উত্তর:ক

ব্যাখ্যা: বাংলাদেশ জাহাজ শিল্পে প্রবেশ করে ২০০৮ সালে। এ শিল্পে বাংলাদেশ বিশ্বে শীর্ষ স্থানে রয়েছে।

**১৩. চা গবেষণা কেন্দ্র কোথায় অবস্থিত?**

(ক) ঢাকায় (খ) সিলেট (গ) শ্রীমঙ্গল (ঘ) রাজশাহী উত্তর:গ

ব্যাখ্যা: চা গবেষণা কেন্দ্র প্রতিষ্ঠিত হয় ১৯৭৩ সালে। এটি অবস্থিত শ্রীমঙ্গলে।

**১৪. বাংলাদেশ নাটক ও নাট্যতত্ত্ব বিষয়ের প্রবর্তক কে?**

(ক) জামিল আহমেদ (খ) সেলিম আল দীন (গ) আহমদ ছফা (ঘ) ড. মৃদুল কান্তি উত্তর:খ

**১৫. বাঘা মসজিদ কত সালে নির্মাণ করা হয়?**

(ক) ১৫২০ (খ) ১৫২৬ (গ) ১৫২১ (ঘ) ১৫২৩ উত্তর:ঘ

ব্যাখ্যা: বাঘা মসজিদ রাজশাহীতে সুলতান নুসরাত শাহ নির্মাণ করেছেন।

**১৬. ১৬ তম মার্কিন প্রেসিডেন্টের নাম কি?**

(ক) থিওডোর (খ) ওয়াশিংটন (গ) আব্রাহাম লিংকন (ঘ) উইলসন উত্তর:গ

ব্যাখ্যা: যুক্তরাষ্ট্রের গৃহযুদ্ধকালীন প্রেসিডেন্ট চিলেন আব্রাহাম লিংকন। তিনি বিখ্যাত গেটিসবার্গ ভাষণ দিয়েছিলেন।

**১৭. মেলবোর্ন শহর কোথায় অবস্থিত?**

(ক) নিউজিল্যান্ড (খ) অস্ট্রেলিয়া (গ) ব্রিটেন (ঘ) ভারত উত্তর:খ

ব্যাখ্যা: মেলবোর্ন শহর অবস্থিত অস্ট্রেলিয়ায়। এছাড়াও Ayers Rock অস্ট্রেলিয়া অবস্থিত।

**১৮. নিউজিল্যান্ডের জাতীয় পাখির নাম কি?**

(ক) কিউই (খ) ময়না (গ) হার্মি বার্ড (ঘ) দোয়েল উত্তর:ক

ব্যাখ্যা: নিউজিল্যান্ডের জাতীয় পাখি কিউই। এছাড়াও কিউই বলা হয় নিউজিল্যান্ডের আদিবাসীদেরকেও।

**১৯. মেসোপটেমিয় সভ্যতা কয়টি পর্যায় ছিল?**

(ক) ১টি (খ) ২টি (গ) ৩টি (ঘ) ৪টি উত্তর:ঘ

ব্যাখ্যা; চারটি পর্যায় যথাক্রমে– ১. সুমেরীয়, ২. ব্যাবিলনীয়, ৩. অ্যাসেরীয় এবং ৪. ক্যালেডীও সকভ্যতা।

**২০. সভ্যতার সূত্রপাত ঘটেছিল কোন জাতিগোষ্ঠীর মাধ্যমে?**

(ক) সুমেরীয় (খ) অ্যাসেরীয় (গ) ব্যাবিলনীয় (ঘ) ক্যালেডীয় উত্তর:ক

ব্যাখ্যা: সুমেরীয় সভ্যতা গড়ে উঠেছিল মেসোপটেমিয়ায়। এরা পাটিগণিতের গুণ পদ্ধতি আবিস্কার করেছিল।

**২১. ছিদ্রায়িত রাষ্ট্র কয়টি?**

(ক) ২টি (খ) ৩টি (গ) ৬টি (ঘ) ১০টি উত্তর:ক

ব্যাখ্যা: ছিদ্রায়িত রাষ্ট্র ২টি। ১. ইতালি এবং ২. দ. আফ্রিকা

**২২. NDB কত সালে প্রতিষ্ঠিত হয়?**

(ক) ২০০১ (খ) ২০১০ (গ) ২০১৪ (ঘ) ২০১৫ উত্তর:গ

ব্যাখ্যা: NDB এর সদর দপ্তর সাংহাই, চীন। বর্তমান সদস্য দেশ– ৭টি।

**২৩. চীনের সাংস্কৃতিক বিপ্লবের নেতৃত্ব দেয় কে?**

(ক) মা হুয়ান (খ) হিউয়েন (গ) মাও সেতুং (ঘ)সান ইয়াৎ সেন উত্তর:গ

ব্যাখ্যা: চীনের সাংস্কৃতিক বিপ্লব হয় ১৯৬৬-১৯৭৬ সাল পর্যন্ত। সমাজতান্ত্রিক ও সাম্যবাদী সংস্কৃতির জন্ম দেওয়া এর উদ্দেশ্য।

**২৪. আরব বসন্ত কোথায় হয়েছিল?**

(ক) মেক্সিকো (খ) তিউনিশিয়া (গ) চীন (ঘ) কায়রো উত্তর:খ

ব্যাখ্যা: তিউনিশিয়ায় সিদি বউজিদ শহরে নিজ গায়ে আগুন দিয়ে আত্মহুতি দেন মোহাম্মদ বোয়াডিজি।

**২৫. রোজ বিপ্লব সংঘটিত হয় কত সালে?**

(ক) ২০০৩ (খ) ২০০৩ (গ) ২০০২ (ঘ) ২০০১ উত্তর:খ

ব্যাখ্যা: ২০০৩ সালে রোজ বিপ্লব হয় জর্জিয়ার সরকার পতনের আন্দোলনের মাধ্যমে।

**২৬. প্রথম এভারেস্ট বিজয় করেন?**

(ক) তেনজিং (খ) শের বাহাদুর (গ) মুসা (ঘ) কপিল দেব উত্তর:ক

ব্যাখ্যা: বাংলাদেশ থেকে এভারেস্ট সর্বপ্রথম জয় করেন মুসা ইব্রাহিম।

**২৭. বিশ্বের ক্ষুদ্রতম নদীর নাম কী?**

(ক) হোয়াংহো (খ) পদ্মা (গ) রো (ঘ) ভলগা উত্তর:গ

ব্যাখা: রো নদী সবচেয়ে ছোট নদী এবং ইউরোপের দীর্ঘতম নদী হলো– ভলগা। হোয়াংহো চীনের রয়েছে।

**২৮. নীল নদের উৎপত্তি কোথায় হয়েছিল?**

(ক) আন্দিজ (খ) তিব্বত (গ) কুনলুন পর্বত (ঘ) ভিক্টোরিয়া হ্রদ উত্তর:ঘ

ব্যাখ্যা: নীল নদের উৎপত্তিস্থল হলো ভিক্টোরিয়া হ্রদ এবং পতনস্থল হলো ভূমধ্যসাগর।

**২৯. গ্রান্ড খাল কোথায় অবস্থিত?**

(ক) সুইডেন (খ) মিশর (গ) চীন (ঘ) জাপান উত্তর:গ

ব্যাখ্যা: গ্রান্ড খাল চীনে রয়েছে। পানামা খাল আমেরিকার এবং সুয়েজ খাল মিশরে রয়েছে।

**৩০. আফ্রিকার সমুদ্রবন্দরের নাম কি?**

(ক) রটারডাম (খ) ডারবান (গ) হংকং (ঘ) কোচিন উত্তর:খ

ব্যাখ্যা: ডারবান সমুদ্রবন্দর দ. আফ্রিকায় অবস্থিত্ রটারডাম হলো ইউরোপের বৃহত্তম সমুদ্রবন্দর।